গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
১৫৩,পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-২৮.০৭.০০০০.০০৪.১১.০০৬.১৬ (অংশ-০২).৫৬৬

তারিখ : ১৫ আষাঢ় ১৪২৮
২৯ জুন ২০২১

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে http://bomd.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল ( জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | অফিস সহকারী - কাম - কম্পিউটার অপারেটর টা. ৯৩০০- ২২৪৯০/- (গ্রেড-১৬) | ১৮ - ৩০ বৎসর | ০৪ (চার) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) তপশিল -২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>( কম্পিউটার Typing এ গতি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ (বিশ) ও ইংরেজীতে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ) । | কুমিল্লা, বরিশাল, পটুয়াখালী মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, নাটোর, ও যশোর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। ০১.০৬.২০২১খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর।

২। সরকারি/ আধা সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি- বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি- বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র ,অভিজ্ঞতার মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত মূল প্রত্যয়নপত্র, এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র ও নৃগোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ সকল কাগজপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে।

৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ পদের সংখ্যা বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৬। আবেদনকারী যদি কোন তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল করা হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।

৭। বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

চলমানপাতা ২

৯। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bomd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭/০৭/২০২১খ্রি. , সকাল- ১০:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮/০৮/২০২১খ্রি. , বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID,ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী downloadপূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

**প্রথম SMS:** BOMD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example:* BOMD ABCDEF
*Reply: Applicant's Name, Tk- 112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BOMD<Space>Yes<Space>PIN and send to 16222.*

**দ্বিতীয় SMS:** BOMD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example:* BOMD YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BOMD Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bomd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;**

চলমানপাতা ৩

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BOMD<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **BOMD Help User ABCDEF** & send to 16222

ii. PIN Number জানা থাকলে: **BOMD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: **BOMD Help PIN 12345678** & send to 16222.

১০। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা emrdbmd@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(Mail এর subject-এ Organization Name: BOMD Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১১। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইটে (www.bomd.gov.bd) এ নিয়োগ বিজ্ঞপ্তি পাওয়া যাবে এবং নিয়োগের ফলাফলসহ যাবতীয় তথ্যাদি সময়ে সময়ে হালনাগাদ করা হবে। এছাড়া ( **https://alljobs.teletalk.com.bd** ) এই ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

29.06.2021

(মো: মামুনুর রশীদ)
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচনী কমিটি (ডিপিসি)
ও
উপপরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো(বিএমডি)
ফোন: ০২৪৮৩১৮৮৩৭

নং-২৮.০৭.০০০০.০০৪.১১.০০৬.১৬ (অংশ-০২) . ৫৬৬

তারিখ : ১৫ আষাঢ় ১৪২৮
২৯ জুন ২০২১

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি/সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য

১।সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব-----------------------------------------------------------------------------------।
২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩ কাওরান বাজার, ঢাকা।
৩।বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪।প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৫। মহাপরিচালক,বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, উত্তরা, ঢাকা।
৬। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
৭। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, সার্কিট হাউস রোড়, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
৯। প্রধান বিস্ফোরক পরির্দশক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০। জেনারেল ম্যানেজার (মার্কেটিংএন্ড ভিএএস), টেলিটক বাংলাদেশ লি., রাজউক কমপ্লেক্স , হোল্ডিং- ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং- ১৭, গুলশান- ১ ঢাকা [দৃ.আ.- হাসান শাহারিয়ার]।
১১। সম্পাদক, দৈনিক ইত্তেফাক/ দৈনিক দি ডেইলি অবজারভার (বিজ্ঞপ্তিটি তার দৈনিক পত্রিকার ভেতরের পাতায় সীমিত আকারে (Single Space) আগামী ৩০.০৬.২০২১খ্রি. তারিখ ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। বিএমডির ওয়েবসাইট /নোটিশ বোর্ড।
১৩। নোটিশ বোর্ড, ১ ও ২ নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। অফিস কপি।

29.06.2021

(মো: মামুনুর রশীদ)
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচনী কমিটি (ডিপিসি)